মৌলভীবাজার পল্লী বিদ্যুৎ সমিতি
MOULVIBAZAR PALLI BIDYUT SAMITY
শ্রীমঙ্গল, মৌলভীবাজার
ISO 9001:2015 Certified
০৮৬২৬-৭১৪৫৩ @ mbazar_pbs@yahoo.com
pbs.moulvibazar.gov.bd

স্মারক নং-২৭.১২.৫৮৮৩.৫০৬.০২.০০৮.২৬. ৪০৬৩

তারিখঃ ০৫ ভাদ্র, ১৪৩৩ বঙ্গাব্দ
২০ আগস্ট, ২০২৬ খ্রিস্টাব্দ

# নোটিশ

**বিষয়ঃ "ডাটা এন্ট্রি অপারেটর" পদে লিখিত (MCQ ও রচনামূলক), ব্যবহারিক ও মৌখিক পরীক্ষা গ্রহণ সংক্রান্ত।**

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, মৌলভীবাজার পল্লী বিদ্যুৎ সমিতিতে **"ডাটা এন্ট্রি অপারেটর"** পদে নিয়োগের লক্ষ্যে ১৬/০৪/২০২৩ খ্রি. তারিখে জাতীয় দৈনিক যুগান্তর ও নিউ এইজ পত্রিকায় এবং ০৭/০৮/২০২৫ খ্রি. তারিখে জাতীয় দৈনিক যুগান্তর ও নিউ এইজ পত্রিকায় নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়। উক্ত নিয়োগ বিজ্ঞপ্তির আলোকে আবেদনপত্র দাখিলকারীদের মধ্যে বাছাইকৃত বৈধ প্রার্থীদের মধ্য হতে যোগ্য প্রার্থী নির্বাচনের জন্য পরীক্ষার আয়োজন করা হয়েছে। যাবতীয় তথ্যাদি নিম্নে উল্লেখ করা হলোঃ

০১। প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তির প্রেক্ষিতে বাছাইকৃত বৈধ প্রার্থীদের আগামী ২৯/০৮/২০২৬ খ্রি. তারিখ দ্বারিকা পাল মহিলা কলেজ, শ্রীমঙ্গল, মৌলভীবাজার-এ লিখিত (MCQ ও রচনামূলক) পরীক্ষা অনুষ্ঠিত হবে। উল্লেখ্য যে, সকাল ১০:০০ ঘটিকায় MCQ পরীক্ষা অনুষ্ঠিত হবে এবং উক্ত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের দুপুর ১২:০০ ঘটিকায় লিখিত (রচনামূলক) পরীক্ষা অনুষ্ঠিত হবে। পরীক্ষার প্রবেশপত্র ইতোমধ্যে ইস্যু করা হয়েছে।

০২। সংশ্লিষ্ট প্রার্থী কর্তৃক প্রবেশপত্রে উল্লিখিত ঠিকানায় ডাকযোগে (আন্ডার সার্টিফিকেট অব পোস্টিং) প্রবেশ পত্র প্রেরণ করা হয়েছে। প্রার্থীদের নির্ধারিত ডাক ঘরে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো।

০৩। প্রবেশপত্র ইস্যুকারী প্রার্থীদের প্রত্যেককে তার আবেদনপত্রে উল্লিখিত মোবাইল নম্বরে এসএমএস প্রেরণ করা হয়েছে।

০৪। মোবাইলে এসএমএস প্রাপ্ত কোন প্রার্থী ডাকযোগে প্রেরিত প্রবেশপত্র না পেলে **আগামী ২৪/০৮/২০২৬ ও ২৫/০৮/২০২৬ খ্রি. তারিখ** অফিস চলাকালীন সময়ের মধ্যে অত্র পবিস এর সদর দপ্তরে(শ্রীমঙ্গল) উপস্থিত হয়ে ডুপ্লিকেট প্রবেশ পত্র প্রাপ্তির জন্য প্রয়োজনীয় ডকুমেন্টসহ ২কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি এবং স্বহস্তে লিখিত আবেদনপত্র দাখিলের মাধ্যমে ডুপ্লিকেট প্রবেশ পত্র সংগ্রহ করতে হবে। **পরীক্ষার দিন অর্থাৎ ২৯/০৮/২০২৬ খ্রি. তারিখে কোন প্রবেশপত্র ইস্যু করা হবে না।**

০৫। লিখিত (রচনামূলক) পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের ব্যবহারিক ও মৌখিক পরীক্ষা আগামী ৩০/০৮/২০২৬ খ্রি. তারিখ অনুষ্ঠিত হবে। প্রার্থীদের আবেদনপত্রের সহিত দাখিলকৃত সকল সনদপত্রের মূলকপিসহ যথাসময়ে উপস্থিত থাকার মানসিক প্রস্তুতি থাকতে হবে।

০৬। মৌলভীবাজার পল্লী বিদ্যুৎ সমিতি কর্তৃপক্ষ নিয়োগ পরীক্ষার তারিখ ও সময় পরিবর্তন করতে পারবেন।

০৭। নিয়োগ সংক্রান্ত যে কোন বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে এবং কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন সময় অনিবার্যকারণবশত নিয়োগ কার্যক্রম স্থগিত/বাতিল করার ক্ষমতা অত্র সমিতি কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষিত।

২০/০৮/২৬
( প্রকৌঃ সুজিত কুমার বিশ্বাস )
সিনিয়র জেনারেল ম্যানেজার

অনুলিপিঃ সদয় অবগতির জন্য

০১। নির্বাহী পরিচালক, বাপবিবোর্ড, ঢাকা।
০২। পরিচালক, পবিস মানব সম্পদ/পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন(পূর্বাঃ) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
০৩। জনাব মোহাম্মদ শামীম খান, ডিজিএম, মৌলভীবাজার জোনাল অফিস, মৌলভীবাজার পবিস, নিয়োগ কমিটি।
০৪। জনাব লতেশ চন্দ্র রায়, এজিএম (অর্থ-হিসাব), মৌলভীবাজার পবিস, নিয়োগ কমিটি।
০৫। জনাব মোঃ জাবেদ হোসেন, এজিএম (এইচআর) অঃ দাঃ, মৌলভীবাজার পবিস, নিয়োগ কমিটি।
০৬। এজিএম(আইটি), মৌলভীবাজার পবিস-(বিজ্ঞপ্তিটি অত্র পবিস এর ওয়েব সাইটে ও ফেসবুক পেইজে প্রকাশের ব্যবস্থা নিবেন)।
০৭। নোটিশ বোর্ড/ওয়েব সাইট, মৌলভীবাজার পবিস।
০৮। অফিস ফাইল/মাস্টার ফাইল।

২০/০৮/২৬
( প্রকৌঃ সুজিত কুমার বিশ্বাস )
সিনিয়র জেনারেল ম্যানেজার